

ঢাকা ওয়াসা

- ১। ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার কপি।
- ২। প্রস্তাবিত কাজের সিস্টেম ম্যাপ।
- ৩। পি পি আর-২০২৫ এর বিধি ১০১(১) (ফোর্স অ্যাকাউন্টের কপি)।
- ৪। দৈনিক ভিত্তিতে সাময়িক শ্রমিক নিয়োজিতকরন নিতিমালা-২০২৫ এর কপি।
- ৫। ক্যালকুলেশন।
- ৬। প্রাক্কলন।

বিষয়ঃ Mass Cleaning of sewer line & manhole From Road NO-113 Gulshan Area upto Gulshan-2 Road NO-133 area under MODS Zone-5, Dhaka WASA অনুমোদন প্রসঙ্গে।

০১। ঢাকা ওয়াসার অধীন মডস জোন-৫, ঢাকা শহরের ব্যস্ততম এবং গুরুত্বপূর্ণ এলাকায় পয়ঃ নিষ্কাশন সেবা প্রদান করে আসছে। অত্র জোনের অধীনে গুলশান-১ ও গুলশান-২ এলাকাসহ অন্যান্য এলাকায় বিভিন্ন ব্যাসের পয়ঃলাইন বিদ্যমান রয়েছে। উক্ত পয়ঃলাইন দ্বারা সংশ্লিষ্ট এলাকার গ্রাহকগণের পয়ঃ বর্জ্য অপসারিত হয়। পয়ঃ সেবা প্রদানের মাধ্যমে ঢাকা ওয়াসার বিপুল পরিমাণ রাজস্ব আয় হয়। অত্র জোনের আওতাধীন পয়ঃলাইন সমূহ দীর্ঘ দিনের পুরাতন এবং জরাজীর্ণ অবস্থায় আছে। ফলে বিভিন্ন রোড হতে প্রায়ই সুয়ার ওভার-ফ্লো এর অভিযোগ আসে। এতে গ্রাহক অসন্তুষ্টিসহ পরিবেশ দূষিত হওয়ার পাশাপাশি মারাত্মক জনস্বাস্থ্য বিঘ্নিত হবার সম্ভাবনা তৈরী হয়। অত্র জোনের আওতাধীন বিভিন্ন এলাকায় সঠিক পয়ঃ প্রবাহ বজায় রাখা, পরিবেশ দূষন রোধ ও ঢাকা ওয়াসার ভাবমূর্তি রক্ষার্থে আসন্ন বর্ষা মৌসুমের পূর্বেই জরুরী ভিত্তিতে সুয়ার লাইন ও ম্যানহোল মাস্ ক্লিনিং কাজ করা প্রয়োজন।

০২। মডস জোন-৫ এর আওতাধীন সমগ্র এলাকাকে কয়েকটি ভাগে/গ্রুপে বিভক্ত করতঃ ৩ (তিন) ধাপে ক্লিনিং কাজ সম্পন্ন করার উদ্যোগ নেওয়া হয়েছে (সংযুক্ত ক্রঃ নং-৩ দ্রঃ)। মাস ক্লিনিং কাজে লেবার নিয়োজিত করে বিদ্যমান পয়ঃ লাইন ও ম্যানহোল হতে স্লাজ উত্তোলন করা হবে। পরবর্তিতে ট্রাক ও ভ্যান গাড়ীর মাধ্যমে স্লাজ অপসারণ করা হবে। এখানে উল্লেখ্য যে, স্লাজ উত্তোলন কাজে বিভাগীয় ভাবে স্লাজ ডি-ওয়াটারিং পাম্প ব্যবহার করা হবে। ঢাকা ওয়াসার গঠনকৃত টাস্কফোর্স টীম-৩ কর্তৃক বর্ণিত মাস ক্লিনিং কাজটি মনিটরিং করা হবে।

০৩। অত্র জোনের আওতাধীন গুলশান চত্বরের রোড নং-১১৩ হতে রোড নং-১৩৩ পর্যন্ত এলাকায় বিদ্যমান পয়ঃ লাইন ও ম্যানহোল হতে স্লাজ উত্তোলন কাজে প্রয়োজনীয় শ্রমিক নিয়োজিত করার জন্য অনুমোদিত দর অনুযায়ী একটি প্রাক্কলন তৈরী করা হয়েছে (সংযুক্ত ক্রঃ নং-৬ দ্রঃ)। যাতে মোট ব্যয়ের পরিমাণ দাঁড়িয়েছে ট ১,৯৬,৮০০/- (এক লক্ষ ছিয়ানব্বই হাজার আটশত) টাকা মাত্র (সংযুক্ত ক্রঃ নং-৬ দ্রঃ)। কাজটি পিপিআর-২০২৫ এর বিধি ১০১(১) (Force Account) অনুসরনে বাস্তবায়ন করা যেতে পারে। উক্ত কাজ শেষে ব্যয়কৃত টাকা অনুমোদিত ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে। কাজের ব্যয়ভার অত্র মডস জোনের ২০২৫-২৬ অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার পয়ঃ লাইন রক্ষনাবেক্ষণ (বাজেট কোড নং-০১-০৪-০০২) খাত এর খোক বরাদ্দ ক্রমিক নং ৪৫ (Package No- SLM 16) হতে নির্বাহ করা যেতে পারে।

০৪। এমতাবস্থায়, উপরোক্ত বর্ণনার আলোকে জরুরী ভিত্তিতে, জনস্বার্থে ও ঢাকা ওয়াসা এর সুনাম রক্ষার্থে এবং সুষ্ঠু পয়ঃ নিষ্কাশনের নিমিত্তে Mass Cleaning of sewer line & manhole From Road NO-113




Gulshan Area upto Gulshan-2 Road NO-133 area under MODS Zone-5, Dhaka
WASA শীর্ষক কাজটি বাস্তবায়নের লক্ষ্যে নিম্নোক্ত প্রস্তাব সমূহ উপস্থাপন করা হলঃ

ক) উল্লিখিত মাস ক্লিনিং কাজটি সম্পাদনের জন্য সর্বমোট ট ১,৯৬,৮০০/- (এক লক্ষ ছিয়ানব্বই হাজার আটশত) টাকার প্রাক্কলণটি ব্যয় সম্পাদন করা যেতে পারে;


খ) আলোচ্য কাজটি পিপিআর ২০২৫ এর বিধি ১০১(১) অনুযায়ী ফোর্স একাউন্ট প্রয়োগ করে মুজুরির বিনিময়ে বিভাগীয়ভাবে শ্রমিক নিয়োগ করে সম্পাদন করা যেতে পারে;


গ) আলোচ্য কাজের ব্যয়ভার অত্র জোনের ২০২৫-২৬-ইং অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার “পয়ঃ লাইন রক্ষণাবেক্ষণ” (বাজেট কোড নং-০১-০৪-০০২) খাত এর খোক বরাদ্দ ক্রমিক নং ৪৫ হতে নির্বাহ করা যেতে পারে;


আলোচ্য কাজটির অনুমোদন ক্ষমতা ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আওতাধিন। সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হল।


০৪/০৩/২৬


মোঃ সাইফুল ইসলাম
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৫, ঢাকা ওয়াসা



০৪/০৩/২৬
মোহাম্মদ সাইফুর রহমান চৌধুরী
সহকারী প্রকৌশলী
মডস জোন-০৫, ঢাকা ওয়াসা।



০৪/০৩/২৬
মোঃ শাহীন হাসান
নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ)
মডস জোন-৫, ঢাকা ওয়াসা


০৫/০৩/২৬
মোঃ শাহ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-২, ঢাকা ওয়াসা।



০৪/০৩/২৬


০৫/০৩/২৬
শওকত মাহমুদ
প্রকৌশলী
ঢাকা ওয়াসা।


০৪/০৩/২৬
DHJ(01M)
মোঃ মিজানুল হক
(অতিরিক্ত সচিব)
উপব্যবস্থাপনা পরিচালক (ওএডএম)
অতিরিক্ত দায়িত্ব
ঢাকা ওয়াসা।


০৪/০৩/২৬

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়
মোঃ আমিনুল ইসলাম
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।


০৪/০৩/২৬